

# মায়ের কাছে চিঠি

## হায়াত মাহমুদ



মা তুমি কেমন আছো?  
শুধুই জানতে ইচ্ছে করে,  
তোমার কথা মনে হলে  
চোখের পানি ঝরে ।

এখন কেন আমায় ছেড়ে  
অনেক দূরে থাকো,  
তোমার ছেলে, খায়নি কো ভাত  
খবর কি তা রাখো?

আদর করে কোলে নিতে  
দুধ-মাখা ভাত খাইয়ে দিতে  
ছড়ায় ছড়ায় ঘুম পড়াতে  
নামাজ পড়ে দোয়া দিতে ।

হারিয়ে গেছে মাগো তোমার  
আদর মাখা ছোঁয়া,  
মাথার উপর হাত রাখো না  
কোথায় পাবো দোয়া ।

বাবা বলেছে আসবে তুমি  
সুস্থ সবল হয়ে,  
তাইতো আমি সকাল-সন্ধ্যা  
দাঢ়াই পথে গিয়ে ।

